

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২৭০

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা আল-হুজরাত

بَابُّ: وَمِنْ سُورَةِ الحُجُرَات

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ جَعْفَرٍ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ دِينَارٍ، عَنِ ابْنِ عُمَرَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم خَطَبَ النَّاسَ يَوْمَ فَتْحِ مَكَّةَ فَقَالَ " يَا أَيُّهَا النَّاسُ إِنَّ اللَّهَ قَدْ أَدْهَبَ عَنْكُمْ عُبِيَّةَ الْجَاهِلِيَّةِ وَتَعَاظُمَهَا بِآبَائِهَا فَالنَّاسُ رَجُلاَنِ رَجُلٌ بَرُّ النَّهُ إِنَّ اللَّهُ وَفَاجِرٌ شَقِيٌّ هَيِّنٌ عَلَى اللَّهِ وَالنَّاسُ بَنُو آدَمَ وَخَلَقَ اللَّهُ آدَمَ مِنْ تُرَابٍ " . قَالَ اللَّهُ : (يا أَيُّهَا النَّاسُ إِنَّا خَلَقْنَاكُمْ مِنْ ذَكَرٍ وَأُنْثَى وَجَعَلْنَاكُمْ شُعُوبًا وَقَبَائِلَ التَّعَارَفُوا إِنَّ أَكُمْ مِنْ دَكَرٍ وَأُنْثَى وَجَعَلْنَاكُمْ شُعُوبًا وَقَبَائِلَ التَّعَارَفُوا إِنَّ أَكُرُمَكُمْ عِنْدَ اللَّهِ أَتْقَاكُمْ إِنَّ اللَّهَ عَلِيمٌ خَبِيرٌ) . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثَ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ مِنْ حَدِيثِ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ عَنِ ابْنِ عُمَرَ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ . وَعَبْدُ اللَّهِ بْنُ جَعْفَرٍ هُوَ وَالِدُ عَلِيمٌ بْنِ مِينَا وَغَيْرُهُ وَعَبْدُ اللَّهِ بْنُ جَعْفَرٍ هُوَ وَالِدُ عَلِيمٌ بْنِ مِنْ مَعْفَرٍ هُوَ وَالِدُ عَلِيمٌ بْنِ مِنْ مَعْولِ أَلْهُ بْنُ جَعْفَرٍ هُوَ وَالِدُ عَلِيمٌ بْنِ عَبْسٍ . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةً وَعَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ .

বাংলা

৩২৭০. আলী ইবন হুজর (রহঃ) ইবন উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, মক্কা বিজয়ের দিন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের উদ্দেশ্যে ভাষণ দেন। বললেনঃ হে লোক সকল! আল্লাহ্ তা'আলা জাহিলী যুগের অন্ধ অহমিকা এবং পিতৃপুরুষদের নিয়ে গর্ব করার প্রথা ধূলিসাৎ করে দিয়েছেন। মানুষ হল দু'ধরনের। এক প্রকার হল সৎ, পরহেযগার এবং আল্লাহর নিকট মর্যাদাবান। আরেক প্রকার হল অসৎ, বদবখত এবং আল্লাহর নিকট নিকৃষ্ট। মানুষ হল আদম-এর সন্তান। আল্লাহ্ তা'আলা আদমকে মাটি থেকে সৃষ্টি করেছেন। আল্লাহ্ তা'আলা বলেনঃ

يا أَيُّهَا النَّاسُ إِنَّا خَلَقْنَاكُمْ مِنْ ذَكَرٍ وَأُنْثَى وَجَعَلْنَاكُمْ شُعُوبًا وَقَبَائِلَ لِتَعَارَفُوا إِنَّ أَكْرَمَكُمْ عِنْدَ اللَّهِ أَتْقَاكُمْ إِنَّ اللَّهَ عَلِيمٌ خَبِيرٌ



হে মানুষ, আমি তোমাদের সৃষ্টি করেছি এক পুরুষ ও এক নারী থেকে, পরে তোমাদের বিভক্ত করেছি বিভিন্ন জাতি ও গোত্রে। যাতে তোমরা একে অপরের সাথে পরিচিত হতে পার। তোমাদের মধ্যে সেই ব্যক্তিই আল্লাহর নিকট অধিক মর্যাদাবান যে অধিক মুত্তাকী। আল্লাহ্ সবকিছু জানেন। সব খবর রাখেন (সূরা হুজুরাত ৪৮% ১৩)।

সহীহ, সহীহাহ ২৭০০, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২৭০ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি গারীব। এই সূত্র ছাড়া আবদুল্লাহ্ ইবন দীনার-ইবন উমর রাদিয়াল্লাহু আনহু সনদে বর্ণিত হাদীস হিসাবে এটি সম্পর্কে আমাদের কিছু জানা নেই। আবদুল্লাহ্ ইবন জা'ফর যঈফ। ইয়াহ্ইয়া ইবন মাঈন প্রমুখ (রহঃ) তাকে যঈফ বলে মত প্রকাশ করেছেন। ইনি হলেন আলী ইবন মাদীনী (রহঃ)-এর পিতা। এই বিষয়ে আবূ হুরায়রা ও আবদুল্লাহ্ ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে।

English

Narrated Ibn 'Umar:

that the Messenger of Allah () gave a Khutbah to the people on the day of the conquest of Makkah, and he said: "O you people! Verily Allah has removed the slogans of Jahiliyyah from you, and its reverence of its forefathers. So, now there are two types of men: A man who is righteous, has Taqwa and honorable before Allah, and a wicked man, who is miserable and insignificant to Allah. People are children of Adam and Allah created Adam from the dust. Allah said: O you people! We have created you from a male and a female, and made you into nations and tribes, that you may know one another. Verily, the most honorable of you with Allah is the one who has most Taqwa. Verily, Allah is All-Knowing, All-Aware (49:13)."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন